

তারিখ : ৩০/১০/২০২৩খ্রি.

স্মারক নম্বর: ৪০.০২.০০০০.০৩৫.১৬.০০৩.২১.

বিষয়: শ্রম অধিদপ্তর, প্রধান কার্যালয়ের আওতাধীন মাঠ পর্যায়ের কার্যালয়ের ২০২৩-২০২৪ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার ১ম কোয়ার্টারের অগ্রগতি পর্যালোচনা সংক্রান্ত 'ফিডব্যাক' সভার কার্যবিবরণী।

সভাপতি : মোঃ বেলাল হোসেন শেখ
পরিচালক (প্রশাসন)
সভার তারিখ : ৩০/১০/২০২৩ খ্রি:
সভার সময় : সকাল ১১:০০ ঘটিকা
স্থান : শ্রম অধিদপ্তরের সভাকক্ষ
উপস্থিতি : সভায় উপস্থিতি (কপি সংযুক্ত)

সভাপতি শ্রম অধিদপ্তর ও এর অধীনস্থ দপ্তরসমূহের নৈতিকতা কমিটির ফোকাল পয়েন্ট কর্মকর্তাদের স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতি বলেন, রাষ্ট্রীয় গুরুত্বপূর্ণ কার্যাবলী সম্পাদনে সুশাসন ও জবাবদিহিতা প্রতিষ্ঠায় শুদ্ধাচার চর্চা একটি অপরিহার্য কৌশল। এ কৌশল বাস্তবায়নে মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রণীত নির্দেশিকা অনুযায়ী আঞ্চলিক/মাঠ পর্যায়ের কার্যালয়ের কর্ম-পরিকল্পনা বাস্তবায়নে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণে সংশ্লিষ্ট সকলকে আন্তরিক হতে হবে। তিনি সময়াবদ্ধ সকল কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়নের উপর গুরুত্ব আরোপ করেন। সভায় শুদ্ধাচার বিষয়ক ফোকাল পয়েন্ট কর্মকর্তা বলেন, সময়াবদ্ধ কার্যক্রম যথাযথভাবে পরিবীক্ষণ করা হচ্ছে। অতঃপর তিনি আঞ্চলিক/মাঠ পর্যায়ের কার্যালয়ের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২৩-২৪ বাস্তবায়ন অগ্রগতির ১ম কোয়ার্টার (জুলাই-সেপ্টেম্বর, ২০২৩) এর প্রতিবেদন সম্পর্কে বিস্তারিত আলোচনা করেন।

সভাপতির পর্যালোচনান্তে আঞ্চলিক/মাঠ পর্যায়ের কার্যালয়ের শুদ্ধাচার বিষয়ে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

(ক) সকল আঞ্চলিক/মাঠ পর্যায়ের কার্যালয়ের প্রণীত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২৩-২৪ এর লক্ষ্যম অনুযায়ী বাস্তবায়ন জোরদার করতে হবে।

(খ) প্রতি কোয়ার্টারে সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (stakeholders) অংশগ্রহণে সভার আয়োজন করতে হবে।

(গ) শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন করতে হবে।

(ঘ) কর্ম-পরিবেশ উন্নয়ন কার্যক্রম নির্দিষ্ট সময় অনুযায়ী করতে হবে।


(ঙ) ক্রয়ের ক্ষেত্রে শুদ্ধাচার কার্যক্রম যথাযথ সময়ে বাস্তবায়ন করতে হবে।

(চ) শুদ্ধাচার সংশ্লিষ্ট এবং দুর্নীতি প্রতিরোধে সহায়ক কার্যক্রমগুলো যথা সময়ে বাস্তবায়ন করতে হবে।

(ছ) মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রকাশিত আঞ্চলিক ও মাঠপর্যায়ের কার্যালয়ের শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা বাস্তবায়ন ও মূল্যায়ন নির্দেশিকা, ২০২৩-২৪ এ উল্লিখিত প্রমানকসহ স্ব-স্ব লক্ষ্যমাত্রা অনুযায়ী ২য় ত্রৈমাসিক আগামী ০৪/০১/২০২৪খ্রিঃ তারিখের মধ্যে শ্রম অধিদপ্তর, প্রধান কার্যালয়ে প্রেরণ এবং স্ব-স্ব ওয়েবসাইটে আপলোড করা হবে।

(জ) সংশ্লিষ্ট সকলকে ওয়েবসাইটের সেবাবক্সসমূহ নিয়মিত হালনাগাদ করতে হবে।

পরিশেষে সভাপতি কর্তৃক উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।



মোঃ বেদ্বাল হোসেন শেখ
পরিচালক (প্রশাসন)
ফোন: ০২২২৬৬৬৩৫০৭

স্মারক নম্বর: ৪০.০২.০০০০.০৩৫.১৬.০০৩.২১.

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হ'লঃ

তারিখ : ৬৯/১০/২০২৩খ্রি.

- ১) পরিচালক, বিভাগীয় শ্রম দপ্তর, ঢাকা / চট্টগ্রাম / নারায়নগঞ্জ / রাজশাহী / খুলনা।
- ২) পরিচালক, শিল্প সম্পর্ক শিক্ষায়তন, টঙ্গী, গাজীপুর।
- ৩) উপ পরিচালক, বিভাগীয় শ্রম দপ্তর, শ্রীমঙ্গল, মৌলভীবাজার।
- ৪) উপ পরিচালক, শিল্প সম্পর্ক শিক্ষায়তন, চট্টগ্রাম / রাজশাহী / খুলনা।
- ৫) উপ পরিচালক, আঞ্চলিক শ্রম দপ্তর ফরিদপুর / ময়মনসিংহ / কুমিল্লা / রংপুর / বগুড়া / দিনাজপুর / বরিশাল / কুষ্টিয়া / সিলেট।
- ৬) সিনিয়র মেডিকেল অফিসার, শ্রম কল্যাণ কেন্দ্র, তেজগাঁও, ঢাকা / শ্রীমঙ্গল, মৌলভীবাজার / যোলশহর, নাসিরাবাদ, চট্টগ্রাম / কালুরঘাট, চট্টগ্রাম / চাষাড়া, নারায়নগঞ্জ / বন্দর, নারায়নগঞ্জ / টঙ্গী, গাজীপুর / সাঁটিরপাড়া, নরসিংদি / ঘোড়াশাল, পলাশ, নরসিংদি / খালিশপুর, খুলনা, শ্রম অধিদপ্তর।
- ৭) মেডিকেল অফিসার, শ্রম কল্যাণ কেন্দ্র, আশুগঞ্জ / সরিষাবাড়ী / চাঁদপুর / চৌমহনী / রূপসা / মংলা / কুষ্টিয়া / বরিশাল / সপুড়া / সিরাজগঞ্জ / বগুড়া / গাইবান্ধা / সৈয়দপুর / লালমনিরহাট / ঘাগড়া / চন্ডিছড়া / সমশেরনগর / পাত্রখোলা / ফুসকুড়ী / লোহাইউনি / কাপনাপাহাড় / চিকনাগুল, শ্রম অধিদপ্তর।
- ৮) সহকারী পরিচালক, তথ্য প্রযুক্তি ও উন্নয়ন সেল, শ্রম অধিদপ্তর (শ্রম অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৯) মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, মহাপরিচালক এর দপ্তর, শ্রম অধিদপ্তর (অবগতির জন্য)



রোখসানা চৌধুরী
উপ পরিচালক ও শুদ্ধাচার ফোকাল
পয়েন্ট কর্মকর্তা
শ্রম অধিদপ্তর